



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।  
কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।  
ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),  
www.mymensingheducationboard.gov.bd

### জরুরী বিজ্ঞপ্তি

নং- জেএসসি/এসএসসি রেজিঃ/২০১৯/১৭০৫

তারিখঃ ২৪/০৯/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ ২০১৯ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০১৯ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড শুধুমাত্র জেএসসি পরীক্ষার কেন্দ্র সচিবগণকে নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুসারে প্রদান করা হবে। পরবর্তীতে প্রতিষ্ঠান প্রধানগণকে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবদের নিকট হতে স্ব স্ব প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহের জন্য অনুরোধ করা হলো। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, কেন্দ্র সচিব ছাড়া অন্য প্রতিষ্ঠান প্রধানকে কোন ক্রমেই রেজিস্ট্রেশন কার্ড প্রদান করা হবে না।

তারিখ	বার	জেলার নাম
০১/১০/২০১৯ খ্রিঃ	মঙ্গলবার	ময়মনসিংহ

\*\* বিতরণের স্থান ও সময়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ। (বন্ধে রাইস মিলের বিপরীতে),  
সময়ঃ সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ পর্যন্ত।

২। আবেদন পত্রের সাথে স্বীকৃতি নবায়ন ও কমিটি অনুমোদনের কপি আনতে হবে।

৩। রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার পূর্বে কেন্দ্র সচিবগণকে তাঁর অধীন বিদ্যালয়সমূহ হতে ২০১৯ খ্রিঃ সাল পর্যন্ত জেলা ও উপজেলা স্কাউটের চাঁদা জমাদানের রশিদ সঙ্গে আনতে হবে অথবা ইতোমধ্যে উল্লিখিত চাঁদা জমা দিয়ে থাকলে রশিদের কপি সঙ্গে আনতে হবে। এছাড়া অত্র বোর্ডের অফিসের নীচ তলায় শিক্ষা প্রতিষ্ঠান প্রতি ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা হারে ২০১৯ সালের স্কাউট ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। উল্লেখ্য, যে সকল প্রতিষ্ঠান ইতোমধ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রতি ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা প্রদান করেছেন তাদের শুধুমাত্র জমার রশিদ সঙ্গে আনলেই চলবে। স্কাউটের টাকা জমা দেয়ার ক্ষেত্রে কেন্দ্র সচিবগণকে কেন্দ্রের অধীন প্রতিষ্ঠান প্রধানগণ সর্বাঙ্গিক সহায়তা প্রদান করবেন।

৪। রেজিস্ট্রেশন কার্ডে কোন ধরণের ভুল হয়ে থাকলে তা সংশোধনের জন্য পরবর্তীতে বিজ্ঞপ্তি দেয়া হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

তারিখঃ ২৪/০৯/২০১৯ খ্রিঃ

মেমো নং- ১৭০৫(৪)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- ৩। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- ৪। অফিস কপি।

24.9.19

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।